



স্মারক নং- ১৬.০১.৬৮৭৬.০২২.১১.০০১.২৩ - ১৭২১

তারিখঃ ১৩ ই কার্তিক ১৪৩০  
২৯ অক্টোবর ২০২৩

### নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী নরসিংদী জেলার শিবপুর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	মাসিক সম্মানি (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমান	০১ (এক)	অনূর্ধ্ব-৪৫ বছর	১৫,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির কানিল ডিগ্রি/দাওয়ায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে বৃত্তিব, সুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। গ) আরবিতে কথা বলা ও উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২.	সুমাঙ্কিন	০১ (এক)	অনূর্ধ্ব-৪০ বছর	১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/সুমাঙ্কিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	খাদিম	০২ (দুই)	অনূর্ধ্ব-৪০ বছর	৭,৫০০/-	ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

#### শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রের নিম্নলিখিত কাজগপত্রাদি সংযুক্ত করতে হবে।  
ক। পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
খ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদা তোলা তিন কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি।  
গ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।  
ঘ। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী, বরাবর আগামী ১৬/১১/২০২৩ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবারে মধ্যে অফিস চলাকালীন সময়ে জাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে। খাবের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে লিখিত ও বৌদ্ধিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি. এ/ডি. এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যেকোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা যাবে না।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা যাবে না।

১৩/১০/২৩

(শাহ মোঃ সজীব)

উপজেলা নির্বাহী অফিসার  
শিবপুর, নরসিংদী।  
ও সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র  
জনবল নিয়োগ কমিটি, শিবপুর, নরসিংদী।